

কোন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পর্ষদ তথা মালিকানার কোন পরিবর্তন হলে তা অনুমোদনের জন্য স্থায়ী আদেশ নং-১/২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করতে হবে :-

(ক) মালিকানা পরিবর্তন বিষয়ে কোম্পানির বোর্ড মিটিং এর সিদ্ধান্ত;

(খ) বিনিয়োগ বোর্ড অনুমোদিত পরিবর্তিত মালিকানা কাঠামো;

(গ) জয়েন্ট স্টক কোম্পানী অনুমোদিত ফরম-XII ও ১১৭;

(ঘ) যথাযথ মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারিকৃত নতুন মালিকগণের নাম, পিতার নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নমুনা স্বাক্ষর, ছবি এবং পূর্বের এবং পরবর্তীকালে উদ্ভূত দায়-দেনা বহনের অঙ্গীকারনামা;

(ঙ) নতুন আগত পরিচালকদের জাতীয়তা সনদপত্র অথবা পাসপোর্টের কপি;

(চ) লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র ও ব্যাংক কর্তৃক নতুন মালিকদের বন্ড সম্পাদনের সক্ষমতার বিষয়ে প্রত্যয়ন পত্র;

(ছ) নতুন মালিকগণ কর্তৃক ১০০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ও (তিন) কোটি টাকার জেনারেল বন্ড (ধারা-৮৬ অনুযায়ী); এবং

(জ) মেয়াদ থাকলে জেনারেল বন্ডের প্রতিস্থাপন, মেয়াদ না থাকলে নতুন জেনারেল বন্ড ইস্যুকরণ।

নতুন মালিকানা পর্ষদ অনুমোদনের পর নতুন পরিচালকগণের নাম ও স্বাক্ষর বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করতে হবে।

বন্ডেড প্রতিষ্ঠানের
গঠনতন্ত্র ও ব্যবস্থাপনা পর্ষদের
কোন পরিবর্তন তথা মালিকানা পরিবর্তনের
ক্ষেত্রে কি পদ্ধতি অনুসরণযোগ্য ও পরিবর্তনের
লক্ষ্যে কি কি দলিলাদি দাখিল করতে
হবে?